## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পাটস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতল.)

৪২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৪ই অগ্রহায়ণ বুধবার ১৩৬২ ইংরাজী 30th Nov 1955 | ২৭শ সংখ্যা




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

## নূতন বীমার কাজে

*বিপুল সাফল্য*

১৯৫৪ সালে

**৩০ কোটি টাকার উপর**

জাতীয় প্রতিষ্ঠানরূপেই হিন্দুস্থানের প্রতিষ্ঠা এবং গত ৪৮ বৎসর ধরিয়া জাতীয় প্রতিষ্ঠানরূপেই ইহা গড়িয়া উঠিয়াছে। আজ উচ্চ হইতে উচ্চতর স্থানে অধিষ্ঠিত হইয়া ইহা নূতন গৌরব অর্জন করিয়াছে এবং দেশ ও দশের সেবায় কর্মীদের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় এক মহৎ দৃষ্টান্ত স্থাপন করিয়াছে। এই সাফল্যের মূলে রহিয়াছে ত্রিবিধ নিরাপত্তার ভিত্তি:

★ *সুষ্ঠু ও সুচিন্তিত পরিচালনা;*
★ *জনসাধারণের অবিচলিত আস্থা;*
★ *লগ্নী ব্যাপারের নিরাপত্তা*

বোনাস { আজীবন বীমায় ১৭॥০
মেয়াদী বীমায় ১৫৲

প্রতি বৎসর প্রতি হাজার টাকার বীমায়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,
*হিন্দুস্থান বিল্ডিংস্*
৪, চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

## ৺শারদীয়া মহাপূজার প্রাপ্য বকেয়া অবকাশ

আমরা ৺পূজার অবকাশ দুই সপ্তাহের মধ্যে এক সপ্তাহ গ্রহণ করিয়া বাকি এক সপ্তাহের অবকাশ আবশ্যক মত লইব বলিয়া গ্রাহকগণের নিকট কৃত আবেদনানুসারে অবকাশ গ্রহণ করায় গত ৭ই অগ্রহায়ণ তারিখের 'জঙ্গিপুর সংবাদ' প্রকাশিত হয় নাই। সঃ জঃ সঃ

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৪ই অগ্রহায়ণ বুধবার সন ১৩৬২ সাল।

## প্রদীপ জ্বেলে সূর্য্যোদয় দেখা!

—•—

গল্পটা বোধ হয় অনেকেই জানেন। যাঁরা জানেন না তাঁদের জন্য সেটা শুনাচ্ছি।

এক মদ্যপায়ী বাবুর এক আল্‌সে কুঁড়ে চাকর ছিল। বাবুও নিজে নেশার ঘোরে পড়ে থাকতেন, চাকরও সুবিধা বুঝে শুয়ে শুয়েই দিন কাটাতো। ভোর রাত্রিতে বাবুর নেশা একটু কম্‌লে তখন চাকরকে একটা না একটা কাজের হুকুম করতেন। এক মেঘলা রাতে বাবুর নিদ্রা ভঙ্গের সঙ্গে সঙ্গেই চাকরকে হুকুম করলেন—ওরে গোপলা, দেখ্‌তো বৃষ্টি হচ্ছে কিনা। চাকর শুয়ে শুয়ে উত্তর করলে না বাবু, বৃষ্টি হয় না। বাবু তখন রেগে বল্লেন—বেটা না উঠেই শুয়ে শুয়েই সঙ্গে সঙ্গে জবাব দিলি "বৃষ্টি পড়ে না।" চাকর কুঁড়ে হলেও চালাক খুব—প্রত্যুৎপন্নমতিও খুব বল্লে বেড়ালটা এক্ষুনি বাহির হ'তে এসে আমার বিছানায় শুলো, ওর গা নেড়ে দেখলাম গা শুকনো। বৃষ্টি হ'লে গা ভিজে থাকতো।

একদিন বাবুর ভোর চারটায় ঘুম ভাঙায় গোপালকে বল্লেন—দেখ্‌তো গোপলা সূর্য্য উঠেছে কি না। গোপলা উত্তর দিল হুজুর, এখনও আঁধার আছে। কিছু দেখা যায় না, সূর্য্যি উঠবে কি! বাবু রেগে হুকুম কল্লেন—হারামজাদা কুঁড়ের বাদসা, ওঠ বেটা উঠে প্রদীপ জ্বাল জ্বেলে দেখ সূর্য্য উঠেছে কিনা? গোপাল দেশলাই কাঠি খস্ খস্ করে ঘষে বাবুকে জানাল আজ্ঞে এখনও সূর্য্য ওঠেনি।

পশ্চিম বাঙলা ও বিহারের সীমা নির্দ্ধারণ কমিশন নিয়োগের ব্যবস্থাও ঠিক প্রদীপ জ্বেলে সূর্য্য উদয় দেখার মতই।

ভারতের কোন্ রাজনীতিবিদ জানে না যে ইংরাজ বাঙলার কোন্ কোন্ স্থান বিহারের সামিল ক'রে দেয় তখনকার বাঙ্গালীদের জব্দ করার জন্য। এক বাঙালী ছাড়া ভারতে ইংরাজের অত বড় ভীতিজনক দুশমন আর ছিল না। স্বাধীনতা পাওয়ার পর শাসক কর্ত্তৃপক্ষ সকলেই জানেন যে পাকিস্থানের হিন্দুরা সরিয়তী দোস্তদের সোহাগের চোটে যথা সর্ব্বস্ব পূর্ব্ববঙ্গে ফেলে পরিবারবর্গের প্রাণ নিয়ে পশ্চিম বঙ্গে এসে ভিড় করেছে। এরা কোনও অপরাধের অপরাধী না হইয়াও যেখানে খুনী, ডাকাইত প্রভৃতি দুর্বৃত্তেরা দণ্ডভোগের জন্য নির্ব্বাসিত হইত সেই আন্দামানে সপরিবারে নিরপরাধের দণ্ডভোগ করতে নির্ব্বাসিত হ'তেও আপত্তি করেনি। যে কোন সত্যপরায়ণ সুশাসক এই সব নিরপরাধী বাঙ্গালীর মুখ চেয়ে বাঙ্গালী যাতে বাঙ্গালীর মধ্যে স্থান পায় তার জন্য ইংরাজ কর্ত্তৃক বিহারের কবলীকৃত অংশ পশ্চিম বঙ্গকে দিয়ে "সত্যমেব জয়তে" বাক্যের সার্থকতা বজায় রাখবার প্রয়াস পেতেন।

বিধাতার সুবিধানে সদ্য স্বাধীনতাপ্রাপ্ত ভারতের রাষ্ট্রপতি বিহারের সন্তান ডাঃ রাজেন্দ্রপ্রসাদ বাংলায় শিক্ষাপ্রাপ্ত হ'য়ে মুক্তকণ্ঠে বাংলার নিকট নিজেকে ঋণী স্বীকার ক'রে বাংলায় এসে বাংলা ভাষায় ভাষণ দিয়ে বাংলার সম্মান প্রদর্শন ক'রে থাকেন।

বিহারের ও পশ্চিম বাংলার সীমানা নির্দ্ধারণের কমিশন নিয়োগের কোন প্রয়োজনই ছিল না। সরকারী রেকর্ডই প্রমাণ দিবে—ইংরাজ বাংলার কোন্ কোন্ স্থান বিহারের সামিল ক'রে গিয়েছে।

বিহার রাষ্ট্রপতির দেশ আবার সীমা নির্দ্ধারণের যে কমিশন নিযুক্ত হয়েছে সেই কমিশনের সভাপতি হলেন জনৈক বিহারী মুসলমান সৈয়দ ফজর আলি। বাংলা বিহারের সীমানা নির্দ্ধারণের ব্যাপারে পণ্ডিত হৃদয়নাথ কুঞ্জরু ও সর্দ্দার পানিকর সভাপতি সাহেবকে গায়ে যেন আঁচ না লাগে এমনিভাবে রেখে পুর্ণিয়া জেলায় কিষণগঞ্জের মুসলমান অধ্যুষিত এক ফালি ভূমি পশ্চিম বাংলাকে দিয়ে রিপোর্টে এমন এক অপ্রীতিকর ভাষা প্রয়োগ করেছেন যে তার দ্বারা পরোক্ষভাবে বুঝাচ্ছে যে পশ্চিম বাংলায় মুসলমানরা খুব অসোয়াস্ত ভোগ করে। আমরা ভারত শাসনের কর্ণধারগণকে জিজ্ঞাসা করি—যে ইঁহারা সীমানা নির্দ্ধারণ করতে এসে সাম্প্রদায়িক বিষ ছড়াবার অধিকার কোথা হ'তে পেলেন? শিবমূর্ত্তি নির্ম্মাণের ভার পেয়ে বানর গড়াতে উদ্যত হলেন কেন? তাঁরা কত বড় ভুল করেছেন তার প্রমাণ স্বরূপ আমরা আমাদের গত ১৫ই কার্ত্তিকের প্রকাশিত নদীয়া জেলার এক ইউনিয়ন বোর্ডের ৯ জন মেম্বর নির্ব্বাচনের ফল পুনঃ প্রকাশ করলাম। ইহাতে সব সন্দেহ দূর হবে।

নদীয়া জেলার কৃষ্ণনগর সদর মহকুমার অধীন কালীগঞ্জ থানার অন্তর্গত ৪নং হাটগাছা ইউনিয়ন বোর্ডের নূতন মেম্বর মহাশয়গণের নাম :—

১। মহঃ রওশন আলি, ২। নেফাজুদ্দিন আহম্মদ, ৩। মহঃ বায়তুল্লা সেখ—১নং ওয়ার্ড। ৪। আবদুর রহিম মণ্ডল, ৫। হাজি মেহের আলি মণ্ডল, ৬। ইউসুপ আলি সেখ—২নং ওয়ার্ড। ৭। নকিবদ্দিন সেখ, ৮। মহঃ খোদাবক্স সেখ, ৯। মহঃ মোসলেম আলি সেখ—৩নং ওয়ার্ড।

---

## কলেরা

জঙ্গিপুর মিউনিসিপ্যাল এলাকায় জঙ্গিপুরের পারে কলেরা রোগ দেখা দিয়াছে।

রঘুনাথগঞ্জ সহরের সংলগ্ন আইলের উপর চাঁই-পাড়ায় কলেরা রোগে দুই গৃহস্থের বাড়ীতে দুইটী মহাপ্রাণী মহাপ্রয়াণ করিয়াছে বলিয়া প্রকাশ। রঘুনাথগঞ্জ থানার অন্যান্য গ্রাম হইতেও উক্ত রোগের খবর পাওয়া যাইতেছে। এ সময়ে খাবারের দোকানদারগণ ও ফেরীওয়ালারা যাহাতে খাদ্যদ্রব্য অনাবৃত অবস্থায় না রাখে তৎপ্রতি লক্ষ্য রাখার জন্য আমরা সরকারী স্বাস্থ্য-বিভাগ ও মহকুমা পুলিশ অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## পণ্ডিত মদনমোহন মালব্য

শ্রীসু-মো-দে

জাতির গর্ব্ব মালব্যজী
অসীম কীর্ত্তিমান,
কেবা নাহি জানে মুক্তি সাধনে
দুর্ব্বার অভিযান।
জাতীয় মুক্তি আন্দোলনের
তুমি এক নেতা ছিলে ভারতের,
স্বদেশ সমাজ সেবক তুমি হে
সুউদার মহাপ্রাণ,
'হিন্দু বিশ্ববিদ্যালয়'টি
কীর্ত্তির সুপ্রমাণ।
হিন্দুধর্ম্ম ঐশ্বর্য্যের
ভারতের পূত ঐতিহ্যের,
তুমি প্রচারক ধারক বাহক
অমর জীবন প্রাণ,
গর্ব্বে স্মরিছে তোমার কীর্ত্তি
সারাটি হিন্দুস্থান।

---

## শ্রীত্রিদিব চৌধুরী দণ্ডিত

গত ১১ই নভেম্বর পর্তুগীজ গোয়ার সামরিক ট্রাইবুনাল লোকসভার সদস্য শ্রীত্রিদিব চৌধুরীকে দশ বৎসর সশ্রম কারাদণ্ড এবং দুই বৎসর পর্য্যন্ত দৈনিক প্রায় ১৭৲ টাকা অর্থদণ্ডের আদেশ দিয়াছেন। গত ৯ই জুলাই বেলগাঁও হইতে ভারতীয় সত্যাগ্রহীর সহিত শ্রীচৌধুরী গোয়ায় প্রবেশ করিলে পর্তুগীজ পুলিশ তাঁহাকে গ্রেপ্তার করিয়া রাখে।

---

## মিউনিসিপ্যাল নর্দ্দমা


রঘুনাথগঞ্জ চাউলপটীতে সদর রাস্তার নর্দ্দমা শ্রীসুধীরকুমার হাটী মহাশয়ের দোকানের নিকট হইতে শ্রীকমলাকান্ত সেন মহাশয়ের দোকান পর্য্যন্ত আবদ্ধ থাকায় দূষিত জল জমা হইয়া অস্বাস্থ্যকর আবহাওয়া সৃষ্টি করিতেছে। এই নর্দ্দমার বর্ত্তমান অবস্থা স্বয়ং পরিদর্শন করার জন্য আমরা আমাদের চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করিতেছি।

---

# কারিকরের কেরামতি



গড়াইতে



গড়াইল

## কাপড় চুরি

বিগত ১৯শে নভেম্বর জঙ্গিপুর মহাবীরতলায় ফ্রেণ্ডস্ ইউনিয়ন কন্‌জিউমারস্ কো-অপারেটিভ ষ্টোরস্‌ লিমিটেডের কাপড়ের দোকানে চুরি হইয়াছে। চোরে দামী কাপড় ও বাক্সেস্থিত নগদ টাকা লইয়া গিয়াছে বলিয়া প্রকাশ। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## রেফারীর লাঞ্ছনা

বিগত ১৩ই নভেম্বর বন্যেশ্বর খেলার মাঠে রেফারী মহাশয় লাঞ্ছিত হয়েছেন। কিছুদিন পূর্ব্বে এই খেলার মাঠে আহত হ'য়ে একটী ছেলে মারা গিয়েছে। এবার রেফারী মহাশয় আধমরা অবস্থায় জনগণের সম্মিলিত চেষ্টায় রক্ষা পেয়েছেন। কর্ত্তৃপক্ষ খেলার মাঠ বদলিয়ে ফেলুন। একেই বলে—

"পড়িলে ভেঁড়ার শিংএ ভাঙ্গে হীরার ধার"

## TENDER NOTICE.

Sealed Tenders are invited for submission by the 5th December, 1955 for (1) construction of two rooms over the existing ground floor rooms of the two Municipal Free Primary Schools at an estimated cost of Rs. 5,000/- and (2) carpetting the stone-metalled tar-surfaced roads at Jangipur and Raghunathganj at an estimated cost of Rs. 16,000/-. Particulars as to specification, plan and estimate are to be had of from the office of the undersigned.

Sd/- M. P. Chatterji,
Chairman, Jangipur Municipality.
28.11.55.

সি. কে. সেনের আর একটি

## অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

## ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

**সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ**

জবাকুসুম হাউস, কলিকাতা ১২

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"   টেলিফোন : বড়বাজার ৪৯২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অর্শ, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## বিহারে আইনের ভাষা বিল

গত ৮ই নভেম্বর রাষ্ট্রপতি বিহার রাজ্যে আইনের ভাষা সংক্রান্ত ১৯৫৫ সালের বিলে সম্মতি দান করিয়াছেন।

এই আইনের ফলে বিহারে যে কোন আইন, অর্ডিনেন্স, আদেশ নিয়ম কানুন ইত্যাদিতে ১৯৫৭ সালের ২৯শে নভেম্বর মধ্যে রাজ্যের সমস্ত সরকারী কাজে হিন্দীভাষা ব্যবহৃত হইবে। বিহার সরকার ১৯৫০ সালে রাজ্যে সমস্ত কাজে হিন্দীভাষা প্রচলনের জন্য এই বিল আনয়ন করেন।

---

## বানর কর্তৃক নিমজ্জমান বালক উদ্ধার

১৪ই নভেম্বর সন্ধ্যায় চিত্রকূটের পয়স্বিনী নদীর এক নির্জ্জন ঘাটে একটী শিশু হঠাৎ নদীর জলে পড়িয়া যায়। সেখানে শিশুর মাতা ব্যতীত অন্য লোক ছিল না। পুত্র জলে পড়িয়া যাওয়ায় জননী আর্ত্তনাদ করিয়া উঠে। এই সময় একটী বানর জলে ঝাঁপাইয়া পড়িয়া শিশুটিকে উদ্ধার করিয়া তাহার মাতার নিকট দিয়া বৃক্ষে আরোহণ করে।

---

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

### মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

এখানে হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ বই, চশমা এবং ডাক্তারী সরঞ্জামাদি কলিকাতার দরে বিক্রয় হয়। আপনার প্রয়োজনীয় ঔষধ অন্যত্র ক্রয় করিবার পূর্ব্বে আমাদের সহিত পরামর্শ করিলে বুঝিতে পারিবেন তুলনায় কত সস্তা। ঔষধের বিশুদ্ধতা রক্ষা করা ও সুলভে ঔষধ সরবরাহ করাই আমাদের বৈশিষ্ট্য। আমাদের কোন ব্রাঞ্চ নাই।

**হ্যানিম্যান হল**
হোমিও কেমিষ্ট ও পাবলিশর
খাগড়া মুর্শিদাবাদ।

---

### দূরের মানুষ কাছে হয় ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ কাপড়ে পটীতে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১২ই ডিসেম্বর ১৯৫৫

১৯৫৪ সালের ডিক্রীজারী

৬৭৩ থাং ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দিং পক্ষে কমন ম্যানেজার যোগেশচন্দ্র সেন দেং নিভাননী দাসী দাবি ৩৫॥৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ১০ শতকের কাত ২॥/৯ আঃ ১৫৲ খং ৭৭২ রায়ত স্থিতিবান স্বত্ব

৬৭৫ থাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দিং পক্ষে কমন ম্যানেজার যোগেশচন্দ্র সেন দেং নিভাননী দাসী দাবি ৩১।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ৫ শতকের কাত ২/০ আঃ ১০৲ খং ৭৭০ রায়ত স্থিতিবান স্বত্ব

৬৭৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১৷/৬ মৌজাদি ঐ ৭৫ শতকের কাত ২।৶১০ আঃ ৬০৲ খং ৭৭১ ঐ স্বত্ব

৭২৭ থাং ডিঃ মুক্তিপদ চট্টোপাধ্যায় দিং দেং শ্রীমন্ত মণ্ডল দিং দাবি ৩৩।/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ২.৮৭ শতকের কাত ৫।৶৭ আঃ ২১০৲ খং ৩৫৩

৭২৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪২/৯ মৌজাদি ঐ ৩১ শতকের কাত ৶/১১ আঃ ৫৲ খং ৩৫৯

৬৮১ থাং ডিঃ ঐ দেং কালী ঘোষ দিং দাবি ৫৩/৩ পাই থানা ঐ মৌজে সেকেন্দরা ১৩ শতকের কাত নিজাংশে ১৶০ আঃ ১৫৲ খং ৩১৪

৬৩৪ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং কুমার জ্ঞানেন্দ্রনারায়ণ সিংহ দিং দাবি ৩৮৷৶৬ থানা সুতী মৌজে হাজিপুর ৩-৬৫ শতকের কাত ৫৷৶০ নিজাংশে ৷৶৮ আঃ ১৫০৲

১৯৫৫ সালের ডিক্রীজারী

১৫৯ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং হবিবুর রহমান মিঞা দিং দাবি ৪১/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে দোনলীয়া ১-৩৮ শতকের কাত ৩৷৶৪ পাই আঃ ১০০৲ খং ১৮১ রায়ত স্থিতিবান স্বত্ব

১৯০ থাং ডিঃ পূর্ণেন্দুনারায়ণ সিংহ দেং কোরেসান নেসা বিবি দিং দাবি ২২৭।৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধলো ১০-৮৬ শতকের কাত ৩৫।৶৬ আঃ ৮০০৲ খং ২২৪ অধীনস্থ খং ২২৬, ২২৭ রায়ত স্থিতিবান স্বত্ব

২০৯ থাং ডিঃ গিরিজাচরণ দাস দেং বিজনবাসিনী দেবী দিং দাবি ১৬৫॥৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ২৭ শতকের কাত ৩৩৻৬ আঃ ১১৫৲ খং ১৪৮

২৭৫ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং বিভূতিভূষণ মণ্ডল দিং দাবি ৩০৷/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ১-১০ শতকের কাত ৫৷০ আঃ ১০০৲ খং ১৭০

১৭২ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং সাজেরুদ্দিন বিশ্বাস দিং দাবি ৩০৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে খানপুর ৫২ শতকের কাত ১৷/০ আঃ ৪০৲ খং ১৩

৩২৯ থাং ডিঃ নটবর দাস দিং দেং জ্ঞানেন্দ্রনাথ সাহা দিং দাবি ২০৷/৩ থানা সুতী মৌজে আহিরণ ২ শতকের কাত ১৷৶১॥ আঃ ৫৲ খং ৪৪৫

৩৩০ থাং ডিঃ ঐ দেং যোগেন্দ্রনারায়ণ সাহা দাবি ১৯৶৯ মৌজাদি ঐ ২ শতকের কাত ১৷৶০ আঃ ৫৲ খং ৬

৩৮৮ থাং ডিঃ রামনারায়ণ সিংহ দেং শচীন্দ্রনাথ অধিকারী দিং দাবি ১২১॥০ থানা সুতী মৌজে লোকাইপুর ৬-৮৯ শতকের কাত ২০৲ আঃ ৫০৲ খং ৩০১

২১৩ থাং ডিঃ যতীশচন্দ্র ঘোষ দেং রাহেমন্নেসা বিবি দাবি ২৩৷৬ থানা সুতী মৌজে কুসুমগাছি ১-২১ শতকের কাত ৩॥৯ আঃ ৮৫৲ খং ৫২৯

২৪৪ থাং ডিঃ ঐ দেং পিয়ারুন্নেসা বিবি দাবি ৩২।/৬ মৌজাদি ঐ ১-১৫ শতকের কাত ৭॥৶৩ আঃ ৮৫৲ খং ৪৭৬

১৫৪ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেং সত্যপ্রসন্ন সিংহ নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং ভবানী দেবী দাবি ৩৯৻৬ থানা রঘুনাথ

গঞ্জ মৌজে কাদীকোলা ৪১ শতকের কাত ৪।৶৯ আঃ ৩২৲ খঃ ২১২ রায়ত স্থিতিবান স্বত্ব

১৫৫ খাং ডিঃ ঐ দেং মোমিনা বেওয়া দিং দাবি ৫২॥৶৯ মৌজাদি ঐ ১১২ শতকের কাত ৫॥৶৩ আঃ ৮৫৲ খঃ ১২৯ ঐ স্বত্ব

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৯শে ডিসেম্বর ১৯৫৫

১৯৫৫ সালের ডিক্রীজারী

২১২ খাং ডিঃ সেবাইত মহান্ত ভগবান দাস দেং জাবেদালী মোল্লা দিং দাবি ৬৬৮৯ পাই থানা সাগরদীঘি মৌজে জাগলাই ১·৮০ শতকের কাত ৯॥৶৮ আঃ ১৫০৲ খঃ ৪৫

২১৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৪।/৩ পাই থানা ঐ মৌজে বেলাইপাড়া ২-৭ শতকের কাত ১২।৶৬ পাই আঃ ২০০৲ খঃ ১৫০

২১৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৭৮৩ পাই মৌজাদি ঐ ২-২০ শতকের কাত ১৪॥৵৬ আঃ ১৮৫৲ খঃ ১২২

২১৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৮৮৩ পাই মৌজাদি ঐ ৩-৫৪ শতকের কাত ২৮।৵৩ আঃ ৫২০৲ খঃ ৬১

২১৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৯॥৩ পাই মৌজাদি ঐ ৬৯ শতকের কাত ৬।/০ আঃ ৬০৲ খঃ ৬৭

২১৬ খাং ডিঃ ঐ দেং সাবেদালী মোল্লা দাবি ৫৪।৵৬ পাই থানা ঐ মৌজে জাগলাই ১-১৩ শতকের কাত ৮৵৬ আঃ ১১০৲ খঃ ৪৮৫

২১৭ খাং ডিঃ ঐ দেং উমরালী মোল্লা দিং দাবি ২৩৫৲ থানা ঐ মৌজে বেলাইপাড়া ৬৬ শতকের কাত ৩৮॥৬ আঃ ৪০০৲ খঃ ৪

১৩৪ খাং ডিঃ ধীরেন্দ্রকুমার ঘোষ দিং দেং মহম্মদ ইয়াকুব হোসেন দাবি ৪০।৵৬ থানা সাগরদীঘি মৌজে চণ্ডীগ্রাম রঘুনাথপুর ৩-৬৮ শতকের কাত ১২৮৶০ আঃ ৩০০৲ খঃ ১২৫, ৯০১, ৯৫৭ অধীনস্থ খঃ ১০৪৩, ১০৭৪, ১০৭৭

১৫৬ খাং ডিঃ সেবাইত ও স্বয়ং মণিমোহন চৌধুরী দেং যোগেন্দ্রনারায়ণ সরকার দিং দাবি পাই থানা সাগরদীঘি মৌজে মাঠ খাগড়া ২-৩৩ শতকের কাত ৯॥/৬ আঃ ২৫০৲ খঃ ৫৩৬ রায়ত স্থিতিবান স্বত্ব

৩৪৭ খাং ডিঃ পঙ্কজকুমার রায় দিং দেং জানকী কর্ম্মকার দিং দাবি ৫৬৵০ থানা সাগরদীঘি মৌজে কান্তনগর ৩৬ শতকের কাত ৮।০ আঃ ৪০৲ খঃ ৩০৪ কোর্ফা স্বত্ব

২১১ খাং ডিঃ ভানুমতী দেবী দেং কৃষ্ণকিঙ্কর দে দিং দাবি ১৫৮৶৬ থানা সাগরদীঘি মৌজে বেলুড়িয়া ৭৩ শতকের কাত ৪৶০ আঃ ৬২৲ খঃ ১৭৫ মোকররী স্বত্ব

২৪৮ খাং ডিঃ উমাচরণ দাস দিং দেং মুশলেম মণ্ডল দিং দাবি ৩৮৵০ থানা সাগরদীঘি মৌজে কান্তনগর ১-৬৪ শতকের কাত ৬।৵০ আঃ ১২৫৲ খঃ ৪৬

২৫৫ খাং ডিঃ ঐ দেং জমশের আলি সেখ দিং দাবি ৩৮৲ মৌজাদি ঐ ১-৩৬ শতকের কাত ৫৮৬ আঃ ১০০৲ খঃ ৩০৮

২৫৪ খাং ডিঃ ঐ দেং তিতু বিশ্বাস দাবি ১৫৻৯ থানা ঐ মৌজে গাদী ৬ শতকের কাত ৮/০ আঃ ১০৲ খঃ ১০৫

৩০৭ খাং ডিঃ ভোলানাথ মণ্ডল দেং মকবুল সেখ দিং দাবি ৫৩৶৯ পাই থানা সাগরদীঘি মৌজে ডিহিবরজ ২-৩১ শতকের কাত ১৪৲ আঃ ১০৲ খঃ ৩১, ২৭

১২৫ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং জগন্নাথ মণ্ডল দিং দাবি ৫৫৮৩ পাই থানা সাগরদীঘি মৌজে চণ্ডীগ্রাম রঘুনাথপুর ১৩-২৬ শতকের সেস ৪৮৶২ আঃ ১৩০০৲ খঃ ৩৯১

২২০ খাং ডিঃ ঐ দেং ডাঃ ফণিভূষণ সরকার এল্-এম্-এফ্ দাবি ৬৫/৬ থানা ঐ মৌজে সাওরাইল ৪-২২ শতকের কাত ৪০৶৭ আঃ ৩৫০৲ খঃ ২৯৯

১৭০ খাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং অক্ষয়কুমার মাল দিং দাবি ৪৭॥৶৯॥ পাই থানা সাগরদীঘি মৌজে খাড়ুগ্রাম ১-৪৮ শতকের কাত ৮৮৵৩ আঃ ১১০৲ খঃ ৩৮

১৭১ খাং ডিঃ ঐ দেং উন্মাদিনী দাসী দিং দাবি ৭২৮০ মৌজাদি ঐ ১-৮৭ শতকের কাত ১২৻৫ আঃ ১৫০৲ খঃ ১১০

২৬৪ খাং ডিঃ ঐ দেং দোয়াতন্নেসা বিবি দিং দাবি ২৯/৬ থানা ঐ মৌজে ব্রাহ্মণীগ্রাম ৪৫ শতকের কাত ১।০ এক মণ দশ সের চাউল আঃ ১৫৲ খঃ ২২

২৯৭ খাং ডিঃ সাইরা খাতুন বিবি দেং মারফুয়া বেওয়া দিং দাবি ১৪॥৯ পাই থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ১১ শতকের কাত ৩৲ আঃ ৫৲ খঃ ৫৯৪

১৭৩ খাং ডিঃ জ্যোৎস্নানাথ পোহিত দিং দেং জহুরুল হক দিং দাবি ২৯।/৬ পাই থানা সাগরদীঘি মৌজে উজালমানিক ৯০ শতকের কাত ৬৶১০ আঃ ৯০৲ খঃ ১০১

১৭২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৭৲ থানা ঐ মৌজে পাটকেলডাঙ্গা ১-৭২ শতকের কাত ১০।৶১০ আঃ ১৫০৲ খঃ ১০৮

১৭৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৮/৩ পাই মৌজাদি ঐ ১-৪৮ শতকের কাত ১॥৶০ আঃ ১৭৫৲ খঃ ১০৭

১৭৫ খাং ডিঃ ঐ দেং রাবেয়া খাতুন দিং দাবি ২৭॥১০। পাই মৌজাদি ঐ ৮১ শতকের কাত ৫॥০ আঃ ৬৫৲ খঃ ২২৫

১৭৬ খাং ডিঃ ঐ দেং মঃ ইয়াকুব হোসেন দাবি ২২৲ মৌজাদি ঐ ৫৮ শতকের কাত ৪৻১০ আঃ ৫০৲ খঃ ৪৬

১৭৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১॥৵৩ মৌজাদি ঐ ৩৫ শতকের কাত ৬৮/১০ আঃ ২৫০৲ খঃ ১১২

১৭৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৮৶৪॥ পাই মৌজাদি ঐ ৬১ শতকের কাত ১॥০ আঃ ৫০৲ খঃ ৪৪

১৬ মনি ডিঃ দ্বিজপদ দে দিং দেং জগদিন্দ্রনাথ চৌধুরী দাবি ৪২৫॥/৯ পাই থানা সাগরদীঘি মৌজে বেলড়িয়া ১-৮২ শতক পুকুর জল মায় পাহাড় পুকুরের প্রকাশ্য নাম রামসাগর পুষ্করিণী দেন্দারের ।৵০ আনা অংশ। আঃ ১৩০৲ খঃ ৬৬

৩৪১ খাং ডিঃ শ্রীশচন্দ্র পাঁড়ে দেং ফেলু মণ্ডল দিং দাবি ১৭॥৵৩ পাই থানা ফরক্কা মৌজে শ্রীমন্তপুর ৮॥০ শতকের কাত ২॥০ আঃ ১৫৲ খঃ ৬৯০

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।